ভোরের কাগজ

তারিখ ... OCT 1 9 1999
পৃষ্ঠা ৫ কলাম ৬

04

# তথ্যপ্রযুক্তি শিক্ষার উপর পেন্টাসফটের জরিপ

এবারের বিসিএস কম্পিউটার শোতে পেন্টাসফট সেন্টার অব এক্সিলেন্স বাংলাদেশের তথ্যপ্রযুক্তি শিক্ষার উপর একটি জরিপ পরিচালনা করে। গত ১২ অক্টোবর এই জরিপের ফলাফল প্রকাশ করা হয়েছে। জরিপের জন্য মেলায় ২৮,৪৭৬টি প্রশ্নপত্র ছাড়া হয়েছিলো যার মধ্যে ১১,৪৫৪টি জমা পড়েছিলো। সঠিকভাবে পূরণকৃত প্রশ্নপত্রের সংখ্যা হলো ৯,৩১০টি। জরিপে অংশ গ্রহণকারীদের মধ্যে ৫৮% ছাত্র এবং ১৯ শতাংশ পেশাজীবি। ৩৯% অংশগ্রহণকারী কম্পিউটার সমন্ধে কিছু জানে না, ২৮ শতাংশ বেজিক কম্পিউটার জানে এবং ১৪ শতাংশের কম্পিউটার সম্বন্ধে বেশ ভালো জ্ঞান রয়েছে। শিক্ষাগত যোগ্যতার দিক থেকে ২৪ শতাংশ আন্ডার গ্র্যাজুয়েট, ৪২ শতাংশ গ্র্যাজুয়েট এবং ১৬ শতাংশ পোস্ট গ্র্যাজুয়েট।

জরিপে ছয়টি প্রশ্ন ছিলো। বাংলাদেশের আইটি শিক্ষার বর্তমান অবস্থা সম্পর্কে ৪২ শতাংশ বলেছেন ভালো, ১১ শতাংশ সন্তোষজনক, ৩৬ শতাংশ বলেছেন খারাপ এবং ১১ শতাংশ কোনো উত্তর দেননি।

পছন্দের আইটি প্রশিক্ষণ হিসেবে ৯% বলেছেন প্যাকেজ কোর্স, ২৫% দীর্ঘমেয়াদী ডিপ্লোমা কোর্স, ৫১% চাকুরী পাওয়ার মতো স্বল্পমেয়াদী কোর্স, ২ শতাংশ অন্যান্য এবং ১৩ শতাংশ কোনো উত্তর দেননি।

বাংলাদেশের আইটি প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর মান নিয়ন্ত্রণের ব্যাপারে ৬৮ শতাংশ বলেছেন অতি জরুরী ভিত্তিতে প্রয়োজন, ১৩ শতাংশ বলেছেন মান নিয়ন্ত্রণ করলে ভালো হয়, ১০ শতাংশ বলেছেন মান নিয়ন্ত্রণের প্রয়োজন নেই এবং ৯ শতাংশ কোনো উত্তর দেননি।

বাংলাদেশে সফটওয়্যার শিল্প উন্নয়নে প্রধান সমস্যা হিসেবে শতকরা ৪২ ভাগ বলেছেন যথার্থ প্রোগ্রামারের অভাব, ২৫ ভাগ বলেছেন অবকাঠামোগত সুবিধার অভাব, ১৭ ভাগ বলেছেন আন্তর্জাতিক বাজারে পরিচিতির অভাব; ২ ভাগ অন্যান্য কারণ উল্লেখ করেছেন এবং ১৪ ভাগ কোনো উত্তর দেননি।

বিভিন্ন প্যাকেজ এবং প্রোগ্রামিং ল্যাংগুয়েজ সম্পন্ন দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ কোর্সের কার্যকরিতা সম্বন্ধে ১২ শতাংশ বলেন এই কোর্স করে ভালো মার্কেটিং এক্সিকিউটিভ হওয়া যাবে, ৩৮ শতাংশ মনে করেন এতে কোনো লাভ হবে না বরং টাকার অপচয় হবে, ৩০ শতাংশ মনে করেন একজন প্রোগ্রামার অনেকগুলো প্রোগ্রামিং ল্যাংগুয়েজে বিশেষজ্ঞ হতে পারবে, এবং ২০ শতাংশ কোনো উত্তর দেননি।

আইটি শিল্পের সবচেয়ে সম্ভাবনাময় সেক্টর হিসেবে শতকরা ৭২ ভাগ সফটওয়্যার শিল্পকে দেখছেন, ১৪ ভাগ দেখছেন ডাটা এন্ট্রিকে, ৪ ভাগ হার্ডওয়্যার এবং ১০ ভাগ কোনো মন্তব্য করেননি। বিজ্ঞপ্তি।